গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।
www.haluaghat.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১২৪.০২৪.০১৩.০০১.২৫. ২৬৭৪

তারিখঃ ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারী ২০২৫ খ্রিষ্টাব্দ

**জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার আওতাধীন (২০.০০ একর পর্যন্ত, বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল বাংলা ১৪৩২ সন হতে ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণলায়, সায়রাত-১ এর গত ১৭ ডিসেম্বর, ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৬৯৪ নং স্মারকে নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর হতে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি লিমিটেড কে অনলাইনে (lams.gov.bd) ঠিকানায় প্রবেশ করে রেজিস্ট্রেশন করে অনলাইনে আবেদন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) জমা প্রদান পূর্বক আবেদনের প্রিন্ট কপি, জামানতের মূল কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সীলমোহরকৃত খামে উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ এ রক্ষিত টেন্ডার বক্সে নিম্নলিখিত নির্ধারিত সময়সূচী মোতাবেক গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, অনলাইন (Online) আবেদন দাখিল ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না। জলমহাল ইজারা সংক্রান্ত www.haluaghat.mymensingh.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে।

**সময়সূচিঃ**

| দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় ও স্থান |
|---|---|
| বাংলা ০১ থেকে ১৪ মাঘ ১৪৩১ সন এর মধ্যে (১৫/০১/২০২৫ থেকে ২৮/০১/২০২৫ তারিখের মধ্যে) | অনলাইনে রেজিস্ট্রেশন ও আবেদন দাখিলের শেষ সময়ঃ ২৮ জানুয়ারী ২০২৫ বাংলা ১৪ মাঘ ১৪৩১ সন |
| বাংলা ১৪ থেকে ১৬ মাঘ ১৪৩১ সন এর মধ্যে (২৮/০১/২০২৫ থেকে ৩০/০১/২০২৫ তারিখের মধ্যে) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। |
| বাংলা ২০ থেকে ২৬ মাঘ ১৪৩১ সন এর মধ্যে (০৩/০২/২০২৫ থেকে ০৯/০২/২০২৫ তারিখের মধ্যে) | অনআইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| বাংলা ২৭ থেকে ০৪ ফাল্গুন ১৪৩১ সন এর মধ্যে (০৫/০২/২০২৫ থেকে ১৭/০২/২০২৫ তারিখের মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |

**১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহাল সমূহের তালিকাঃ**

| ক্র: নং | জলমহালের নাম | আয়তন (একর) | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে সরকারি বার্ষিক ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | কাউচিয়া পুকুর (খা বাড়ী সংলগ্ন) | ০.৫০ একর | ১০৫০০ | ১১,০২৫/- | কোন জলমহালের বিষয়ে কোন মামালায় আদালতের কোন নিষেধাজ্ঞা থাকলে কিংবা ইজারা সংক্রান্ত মহামান্য আদালতের ভিন্নতা কোন সিদ্ধান্ত থাকলে উক্ত জলমহাল ক্যালেন্ডার হতে বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। |
| ২. | পূর্ব শাকনাইট পুকুর (কছিম উদ্দিন এর বাড়ী সংলগ্ন) | ১.৪০ একর | ৪৭২৫০ | ৪৯,৬১৫/- | |
| ৩. | পিকা পুকুর (ফজর উদ্দিন বাড়ী মসজিদ সংলগ্ন) | ০.৭১ একর | ৬৩০০ | ৬,৬১৫/- | |
| ৪. | ভাট্রা নয়াপাড়া পুকুর | ০.৪৯ একর | ৪৮৩০ | ৫,০৭২/- | |
| ৫. | সাতাইশ কাহনীয়া পুকুর (হাফেজ উদ্দিন এর বাড়ী সংলগ্ন) | ০.২৩ একর | ২১০০ | ২,২০৫/- | |
| ৬. | বিলডোরা পুকুর (দিজেন্দ্র দে এর বাড়ী সংলগ্ন) | ০.২২ একর | ২৭৩০ | ২,৮৬৭/- | |
| ৭. | বিড়ুইডাকুনী পুকুর | ১.৫৬ একর | ৪৭২৫০ | ৪৯,৬১৩/- | |
| ৮. | মনিকুড়া পুকুর | ০.৮৬ একর | ৪৭২৫০ | ৪৯,৬১৩/- | |
| ৯. | আকনপাড়া পুকুর | ১.০০ একর | ৬৩০০০ | ৬৬,১৫০/- | |
| ১০. | হালুয়াঘাট পুকুর (থানা সংলগ্ন) | ০.২৪ একর | ৩৪৬৫ | ৩,৬৩৯/- | |
| ১১. | ঝলঝলিয়া পুকুর (আহেদ আলির বাড়ী সংলগ্ন) | ১.৮৬ একর | ৮৭৮৮ | ৯,২২৮/- | |
| ১২. | উত্তর পলাশতলা পুকুর (প্রত্যুস হাউই এর বাড়ী সংলগ্ন) | ০.৬২ একর | ৭৯৩৮ | ৮,৩৩৫/- | |
| ১৩. | বাঘাইতলা পুকুর (ইদগাহ মাঠ সংলগ্ন) | ১.৬১ একর | ৬৩০০০ | ৬৬,১৫০/- | |
| ১৪. | বাঘাইতলা পুকুর (সুনিতি রাখসাম এর বাড়ির পাশে) | ১.৬৮ একর | ৬৩০০০ | ৬৬,১৫০/- | |
| ১৫. | আতুয়াজংগল পুকুর (রমজান আলীর বাড়ী সংলগ্ন) | ০.২৫ একর | ৬৮২৫ | ৭,১৬৭/- | |
| ১৬. | আতুয়াজংগল পুকুর (এরশাদ আলীর বাড়ী সংলগ্ন) | ০.৮১ একর | ৪৭২৫০ | ৪৯,৬১২/- | |
| ১৭. | আতুয়াজংগল পুকুর (মিরাজ আলীর বাড়ি সংলগ্ন) | ০.৩৪ একর | ৬৮২৫ | ৭,১৬৭/- | |
| ১৮. | আতুয়াজংগল পুকুর (আব্দুল মালেক সরকারের বাড়ী সংলগ্ন) | ০.৯৫ একর | ৩৬২২ | ৩,৮০৩/- | |
| ১৯. | আতুয়াজংগল পুকুর (আব্দুল লতিফের বাড়ী সংলগ্ন) | ১.১২ একর | ৪৭২৫ | ৪,৯৬২/- | |
| ২০. | আতুয়াজংগল পুকুর (আবেদ আলীর বাড়ী সংলগ্ন) | ০.৯৫ একর | ২৬৮৮ | ২,৮২৩/- | |

**নিয়মাবলীঃ**

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০২। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে কোন প্রশ্ন বা দাবি উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

০৩। জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারামূল্য নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় ইজারা মূল্য পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল মোতাবেক) ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হতে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত সময়ে ইজারার অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতে বার্ষিক ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৪। ইজারা গ্রহীতা সমিতিকে ২য় বৎসরের ইজারামূল্য ও অন্যান্য করাদি ১ম বছরের ১৫ চৈত্র তারিখের মধ্যে এবং ৩য় বছরের ইজারা মূল্য ও অন্যান্য করাদি একইভাবে ২য় বছরের ১৫ চৈত্র তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকেই সরকার নতুন করে এই জলমহাল ইজারা প্রদান করতে পারবে।

০৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ, এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

০৬। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নিধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৭। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

০৮। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি দাখিল করতে হবে,

১০। মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

১১। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১২। সমিতির গঠনতন্ত্র দাখিল করতে হবে।

১৩। সমিতির সভার কার্যবিবরণী দাখিল করতে হবে।

১৪। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১৫। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

১৬। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

১৭। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সরক্ষণ করেন।

১৮। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ এর অনুকূলে সংশ্লিষ্ট জলমহালের উদ্ধৃত ইজারা মূল্যের ৩০% জামানত বাবদ সোনালী ব্যাংক, হালুয়াঘাট শাখা হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। ইজারার মেয়াদ শেষে উক্ত বিডি/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

01/8/25

(আলীনূর খান)
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১২৪.০২৪.০১৩.০০১.২০২৫. ২৬৭৪/২ (৬৫)

তারিখঃ ১৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০১ জানুয়ারী ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য।**

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ।

**অনুলিপিঃ অবগতি এবং বহুল প্রচারের অনুরোধসহঃ**

৫. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৬. উপজেলা সমবায় অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৭. উপজেলা মৎস্য কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৮. উপজেলা কৃষি কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৯. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, হালুয়াঘাট থানা

১১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১৩. ........................................ চেয়ারম্যান, ............................... ইউনিয়ন পরিষদ।

১৪. জনাব ................................................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

১৫. উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হালুয়াঘাট, ময়মনসিংহ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১৬. সম্পাদক, দৈনিক ...................................,উক্ত বিজ্ঞপ্তিটি ১০"×৪ কলামে আপনার বহুল প্রচারিত পত্রিকায় আগামী ........./০১/২০২৫ তারিখের মধ্যে পত্রিকার ভিতরের পাতায় প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার ০৩(তিন)টি সৌজন্য সংখ্যাসহ যথাযথভাবে বিল প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৭. নোটিশ বোর্ড।

০১/০১/২৫
(জান্নাত)
সহকারী কমিশনার (ভূমি)
হালুয়াঘাট, ময়মনসিংহ।
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।